



বর্তমান সংকটের জন্য দায়ী অন্তর্বর্তী সরকার ও ঐকমত্য কমিশন: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন, দেশের চলমান রাজনৈতিক সংকটের মূল উৎস হচ্ছে অন্তর্বর্তীকালীন সরকার ও ঐকমত্য কমিশনের ব্যর্থতা। তিনি বলেন, জুলাই সনদ স্বাক্ষরের পর এর বাস্তবায়ন প্রক্রিয়ায় গুরুতর অসঙ্গতি দেখা দিয়েছে। “নোট অব ডিসেন্ট” অন্তর্ভুক্ত না করে জনগণের সঙ্গে প্রতারণা করা হয়েছে—যা আজকের অচলাবস্থার জন্য দায়ী।

গুরুত্বপূর্ণ দুপুরে জাতীয় প্রেসক্লাবে জেএসডির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব মন্তব্য করেন।

মির্জা ফখরুল বলেন, “একটি মহল জাতীয় নির্বাচন বানচাল করার ষড়যন্ত্রে লিপ্ত। মুক্তিযুদ্ধবিরাধী চক্র এখন গণভোটের নামে জনগণকে বিভ্রান্ত করছে। জাতীয় নির্বাচনের আগে গণভোট আয়োজনের কোনো সুযোগ নেই।” তিনি আরও বলেন, “বিএনপি সব সময়ই সংস্কারে বিশ্বাসী দল। যারা বলে বিএনপি পরিবর্তন চায় না, তারা জনগণের মাঝে বিভ্রান্তি ছড়াচ্ছে।”

আলোচনা সভায় নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেন, “ঐকমত্য কমিশন জুলাই সনদের মূল চেতনা নষ্ট করেছে। তারা ‘নোট অব ডিসেন্ট’ বাদ দিয়ে সরকারপক্ষের ইচ্ছা চাপিয়ে দিয়েছে। এতে সরকার ও কমিশন দুটোই জাতির সঙ্গে প্রতারণা করেছে।”

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বলেন, “জাতীয় নির্বাচনের সঙ্গে গণভোট একত্রে আয়োজন করতে হবে। জুলাই সনদের আলোকে নতুন বাংলাদেশ গড়ে তোলার এখনই সময়।”